গাংনীতে আইনশৃংখলা ও চোরাচালান প্রতিরোধ বিষয়ক সভা

মেহেরপুর গাংনীতে আইন শৃঙ্খলা ও চোরাচালান প্রতিরোধ কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার সকাল ১০ টার সময় গাংনী উপজেলা প্রশাসন এ সভার আয়োজন করেন।

গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেকের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা।

উপজেলা সভাকক্ষে আইন শৃঙ্খলা ও চোরাচালান প্রতিরোধ বিষয়ক সভায় উপস্থিত ছিলেন গাংনী ২ আসনের সাবেক সাংসদ বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন,উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান নাসিমা খাতুন, ভাইস চেয়ারম্যান ফারুক হাসান,বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সরকারি দপ্তরের কর্মকর্তা, পুলিশ র্যার ও বিজিবি সদস্যরা।

বর্তমান পরিস্থিতিতে গাংনীতে নিয়োজিত আইনশৃংখলা বাহিনীর সকলকে সচেতন থেকে পরিস্থিতি মোকাবিলায় তৎপর থাকার নির্দেশনা দেন উপজেলা নির্বাহী কর্মকর্তা প্রীতম সাহা।

মেহেরপুরে কিশোর গ্যাং ও কিশোর অপরাধ প্রতিরোধ বিষয়ক মতবিনিময় সভা

মেহেরপুরে কিশোর গ্যাং ও কিশোর অপরাধ প্রতিরোধ বিষয়ক মতবিনিময় সভা ২০২৪ অনুষ্ঠিত হয়েছে।

মানব উন্নয়ন কেন্দ্র (মউক) আয়োজিত আজ বৃহস্পতিবার (১৮ জুলাই) সকাল ১১ টার দিকে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের মানব

উন্নয়ন কেন্দ্রের (মউক) হল রুমে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

ঢাকা কিশোর অপরাধ প্রতিরোধ-কনসোর্টিয়ামের (এসিপি) সহযোগিতায় মতবিনিময় সভার সভাপতিত্ব করেন আমঝুপি ইউনিয়ন কমিউনিটির ওয়াচ গ্রুপের সহ-সভাপতি মোঃ আব্দুর রকিব।

মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আনারুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে ভাইস চেয়ারম্যান আবুল হাশেম, সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ মনিরুল ইসলাম, মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর নির্বাহী প্রধান মোঃ আসাদুজ্জামান সেলিম প্রমুখ উপস্থিত ছিলেন।

এছাড়াও এসময় জেলা মটর শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান, আউট আব স্কুল চিলড্রেন এডুকেশন এর ডিপিএম সাদ আহম্মেদ, মানব উন্নয়ন কেন্দ্রের (মউক) প্রোগ্রাম ম্যানেজার মোছাঃ ফাহিমা খাতুন, সহকারী এডমিন অফিসার হালিমা খাতুন ডলি, সুপারভাইজার সুমাইয়া খাতুন, সহকারী প্রোগ্রাম অফিসার চাঁদতারা সূর্য প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা

মেহেরপুরে নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

জাতীয় নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের সহযোগিতায় আজ রবিবার (১৫ অক্টোবর) দিনব্যাপী মেহেরপুর সদর উপজেলার মানব উন্নয়ন কেন্দ্রের (মউক) হল রুমে এ প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়।

মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর বাস্তবায়নে প্রশিক্ষণ কর্মশালার

সভাপতিত্ব করেন,জাতীয় নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের সভাপতি ও সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আবুল হাসেম।

মানব উন্নয়ন কেন্দ্রের জেলা প্রোগ্রাম ম্যানেজার সাদ আহাম্মদের সঞ্চালনায় প্রশিক্ষণ কর্মশালায় মানব উন্নয়ন কেন্দ্রের নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম,জাতীয় নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের প্রোগ্রাম ম্যানেজার নীলা গোমেজ বক্তব্য রাখেন।

এছাড়াও এসময় প্রোগ্রাম ম্যানেজার ফাহিমা আক্তার ছবি,সাংবাদিক আমিরুল ইসলাম অল্ডাম,অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক মোঃ আজিজুল হকসহ উপজেলা ও জেলা কমিটির সদস্যরা উপস্থিত ছিলেন।